দৈনিক জনকণ্ঠ

JUN. 25 2002

# ঢাবি শিক্ষকের বিরুদ্ধে অশালীন আচরণের অভিযোগ এক ছাত্রীর

জনকণ্ঠ রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীর সঙ্গে অশালীন আচরণের অভিযোগ উঠেছে। এ ব্যাপারে এ ছাত্রী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে লিখিত অভিযোগ দিয়েছে বলে জানা গেছে।

জানা গেছে, রবিবার এ শিক্ষক তাঁর অফিস রুমে একই বিভাগের তৃতীয় বর্ষের এক ছাত্রীর সঙ্গে অশালীন আচরণ করেছেন বলে অভিযোগ ওঠে। পরে সোমবার এই ছাত্রী বিভাগীয়প্রধানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে লিখিত অভিযোগ করে।